

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ জুলাই ২০২২ খ্রি.

ওয়াছিয়া আহমদিয় সুন্নিয়া মাদ্রাসার তোরণ উদ্বোধন ও দাখিল পরীক্ষার্থীদের বিদায় সাংবর্ধনা অনুষ্ঠানে মেয়র

জ্ঞান নির্ভর সমাজ গঠনে কারিগরী শিক্ষার বিকল্প নেই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, জ্ঞান নির্ভর সমাজ গঠনে কারিগরী শিক্ষার বিকল্প নেই। মাদ্রাসা শিক্ষায় বর্তমান যুগপোয়োগী শিক্ষার সমন্বয় ঘটেছে। কুরআন-হাদীসের পাশাপাশি ইংরেজী, গণিত ও বৈশ্বিক বিষয়াদি অর্জনের মাধ্যমে মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা সফলতার দিকে এগিয়ে যাচ্ছে। এই মাদ্রাসা আদর্শবান দেশ প্রেমিক নাগরিক সৃষ্টিতে আলোকবর্তিকার ভূমিকা পালন করছে। আজ শনিবার সকালে চান্দগাঁও থানীন খাজা রোডস্থ ওয়াছিয়া আহমদিয়া মাদ্রাসার তোরণ উদ্বোধন ও দাখিল পরীক্ষার্থীদের বিদায় সাংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মাদ্রাসার অধ্যক্ষ হৈয়দ মোহাম্মদ আবু ছালেহের সভাপতিত্বে উপাধ্যক্ষ কাজী মুফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পূর্ব ষোলশহর ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আলহাজ্ব সামশুল আলম, ওয়ার্ড কাউন্সিলর লায়ন এম আশরাফুল আলম, ওয়াছিয়া আহমদিয়া এমিতখানার সাধারণ সম্পাদক হাজী এয়ার মোহাম্মদ। আরো বক্তব্য রাখেন-মাদ্রাসা শিক্ষক মুহাম্মদ আবু তৈয়ব, আবুল হোসেন, মুনিরুল হাসান, ইফফাত জাহান, রুমা আকতার, হাসান ইমাম, আমিরুল ইসলাম, গোলাম মোস্তফা, আবদুল করিম, শফিউল আলম, আবদুল বারী, ইকবাল হোসেন, চেমন আরা বেগম, রেজাউল করিম। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মোস্তফা কামাল দুলাল, এম কফিল উদ্দিন, নূরুল ইসলাম, মুছা সওদাগর, বদরুল আলম প্রমুখ।

মেয়র আরো বলেন, শিক্ষা যদি জাতির মেরুদণ্ড, তবে শিক্ষক হলেন সেই জাতি গঠনের নির্মাতা। শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভাকে জাগিয়ে দিতে মহান কার্য সম্পাদন করেন শিক্ষক। তিনি বলেন, জ্ঞান রাজ্যে অবাধ বিচরনের প্রবেশদ্বার উন্মোচিত হয় শিক্ষকের হাত ধরেই। একটি শিশুর জন্য শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হলো তার পরিবার এবং শ্রেষ্ঠ শিক্ষক হলো শিশুর মা-বাবা। তবে মনে রাখতে হবে শিক্ষিত হলেই সাবাই মানুষ হয় না, মানুষ হয় তখনই যখন সে বিনয়ী ও পরমত সহিষ্ণু হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩